Times Today BD

মুহাম্মদ দিদারুল আলম | জেলার খবর | 26 March, 2025

চট্টগ্রামের বহন্দারহাট এলাকায় বেশ কয়েকটি বৈদ্যুতিক খুঁটিতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে।এতে পুরো এলাকা আতঙ্ক ছড়িয়ে পড়ে।

মঙ্গলবার (২৫ মার্চ) দিবাগত রাত আড়াইটার দিকে আগুনের সূত্রপাত হয় বলে জানা গেছে।

স্থানীয় মো. মোহামিনুল ইসলাম কানন নামে এক প্রত্যক্ষদর্শী বলেন, বহন্দারহাট থেকে হেঁটে যাচ্ছিলাম।হঠাৎ দেখি বৈদ্যুতিক খুঁটি থেকে

আগুনের ফুলকি রাস্তায় পড়ছে।আমি খুব কাছাকাছি ছিলাম, দৌড় দিয়ে অপ্পের জন্য রক্ষা পেয়েছি।

বিষয়টি নিশ্চিত করেছেন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স চট্টগ্রামের উপ-সহকারী পরিচালক মো. আব্দুর রাজ্জাক।তিনি জানান, বহদ্দারহাট

থেকে শুলকবহর যাওয়ার পথে একাধিক বৈদ্যুতিক খুঁটিতে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে।খবর পেয়ে তাৎক্ষণিক বিদ্যুৎ বিভাগকে বিদ্যুৎ সংযোগ

বিচ্ছিন্ন করতে অনুরোধ করা হয় এবং ফায়ার সার্ভিসের একটি টিম ঘটনাস্থলে গিয়ে আগুন নিয়ন্ত্রণে আনে।এতে কোনো হতাহত হয় নি।

চউগ্রাম আগুন ফায়ার সার্ভিস

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 24 April, 2025 23:55

URL: https://timestodaybd.com/countrywide/25775807